



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০২.২২.২৬৬

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯

২৯ জুন ২০২২

বিষয়: রিট পিটিশনের আলোকে ব্যবস্থা গ্রহণ।

নীলফামারী জেলার ডামোর উপজেলাধীন ডামোর মহিলা ডিগ্রি কলেজ এর প্রভাষক (কৃষি শিক্ষা) মিঃ দুলাল চন্দ্র সরকার (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২০৫৪/২০২১ এর আদেশের বিষয়ে অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টা আইনগত মতামত প্রদান করেন (পতাকা-‘ক’)। তাঁর মতামতটি নিম্নরূপ:

নীলফামারী জেলার ডামোর উপজেলাধীন ডামোর মহিলা ডিগ্রি কলেজ এর প্রভাষক (কৃষি শিক্ষা) মিঃ দুলাল চন্দ্র সরকার (সাময়িক বরখাস্তকৃত) সাময়িক বরখাস্ত প্রত্যাহারসহ পূর্ণবেতন পাওয়ার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২০৫৪/২০২১ দায়ে করেন। উক্ত রিট পিটিশন মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-১নং, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ২নং গং কে বিবাদী করে বিগত ১৩/১২/২০২১ তারিখে রুল জারিসহ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন। উক্ত আদেশে ২নং বিবাদী মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কে পিটিশনারের ২১/১১/২০২১ তারিখের আবেদন (Annexure-H-2) ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করার জন্য আদেশ প্রদান করেন। এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত হলো: (Our opinion is that the Directorate should immediately dispose of the application of the petitioner dated 21.11.2021 in accordance with law and communicate the decision to the petitioner.)

পিটিশনারের ২১/১১/২০২১ তারিখের আবেদনে দেখা যায় ডামোর সরকারি মহাবিদ্যালয়ে স্নাতক দ্বিতীয় বর্ষের ছাত্রী অভিযোগ করলে নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধন/০৩) এর ৭/৯ (৪) (খ) ধারা মতে নারী ও শিশু ২৬৬/২০১০ নম্বর মামলা হয়। উক্ত মামলার প্রেক্ষিতে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত মামলাটি বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০২, নীলফামারী বিচার নিষ্পত্তিঅন্তে ০১/০৯/২০২০ তারিখে তিনি নির্দোষ প্রমাণিত হন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে ০৫ কর্ম দিবস সময় দিয়ে অধ্যক্ষকে ব্যাখ্যা প্রদান করার জন্য ও একই বিষয়ে ০৫ কর্ম দিবস সময় দিয়ে গভর্নিং বডি'র সভাপতিকে মতামত প্রদান জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। যথা সময়ে জবাব প্রেরণ না করলে জবাব নেই বলে ধরে নেয়া হবে।

২৯-৬-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :

১) সভাপতি, গভর্নিং বডি, ডামোর মহিলা ডিগ্রি কলেজ,

নীলফামারী।

২) অধ্যক্ষ, ডোমার মহিলা ডিগ্রি কলেজ, নীলফামারী


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০২.২২.২৬৬/১

তারিখ: ১৫ আষাঢ়. ১৪২৯

২৯ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) শিক্ষা অফিসার-১, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর



২৯-৬-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক